

দৈনিক

ভাষা-সংস্কৃত-সংস্কৃত

১-৩-১৯৭৭
১৬

প্রাইমারি স্কুলে শিক্ষক হিসেবে যোগদানের একদিন পর পদত্যাগ

গোপালগঞ্জ প্রতিনিধি •

চাকরির বিধি ভঙ্গ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক রমেন মণ্ডল প্রাইমারি স্কুলের যোগদানের একদিন পর পদত্যাগ করলেন। ঘটনাটি ঘটেছে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার তারাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে।

কোটালীপাড়ার মাচারতারা পাবলিক উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক রমেন মণ্ডল একই উপজেলার তারাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে চাকরি পান। পাবলিক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে আবেদন করে গত ২৭ মার্চ থেকে ২৯ মার্চ পর্যন্ত পারিবারিক সমস্যার কারণ দেখিয়ে তিনি ছুটি নেন।

২৮ মার্চ তিনি তারাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করেন। ২৯ মার্চ তিনি ওই চাকরি থেকে পদত্যাগ করেন। ২৯ মার্চের ছুটি শেষ হলে ৩০ মার্চ পাবলিক উচ্চ বিদ্যালয়ে ফিরে আসেন।

রমেন মণ্ডল জানান, প্রাথমিক বিদ্যালয়ের চাকরি তার পছন্দ হয়নি। তাই যোগদানের পরের দিন সেখান থেকে পদত্যাগ করে পাবলিক উচ্চ বিদ্যালয়ে চলে আসেন। প্রাথমিক বিদ্যালয়ে যোগদানের আগে তিনি উচ্চ বিদ্যালয় থেকে পদত্যাগ করেননি। শুধু তিনদিনের ছুটি নিয়েছিলেন বলে জানান।

তারাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বায়েজিদ হাসান শেখ জানান, রমেন মণ্ডল ২৭ মার্চ কোটালীপাড়া উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদানপত্রে সই করেন। ২৮ মার্চ তার স্কুলে সহকারী শিক্ষক পদে যোগদান করেন। তারপর আর স্কুলে আসেননি। খোঁজ নিয়ে জেনেছি তিনি কোটালীপাড়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন।

কোটালীপাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মাহবুবুর রহমান জানান, উচ্চ বিদ্যালয়ে শিক্ষক পদে চাকরিরত অবস্থায় রমেন মণ্ডল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগ দিতে পারেন না। এ ক্ষেত্রে তাকে উচ্চ বিদ্যালয়ের চাকরি ছেড়ে দিতে হবে। তারপর তিনি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদান করবেন। তিনি চাকরির বিধি ভঙ্গ করেছেন। এ ব্যাপারে অভিযোগ পেলেই ব্যবস্থা গ্রহণ করা হবে।